



তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটি সভার কার্যবিবরণী :

সভাপতি : হায়াত-উদ-দৌলা খাঁন
জেলাপ্রশাসক
ব্রাহ্মণবাড়িয়া।

সভার স্থান : জেলাপ্রশাসকের সম্মেলন কক্ষ।

সভার তারিখ ও সময়: ১৭ জানুয়ারি, ২০২১ খ্রি. সময়ঃ বেলা- ১২:৪০ ঘটিকা।


সভায় উপস্থিতি : পরিশিষ্ট - “ ক ”

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। তিনি ‘তথ্য অধিকার আইন, ২০০৯’ এর ভিত্তিতে সকল স্তরে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের উপর গুরুত্ব আরোপ করেন। অতঃপর তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটির বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করা হয় ও সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১.	তথ্য অধিকার আইন এবং এ সংক্রান্ত বিধি-বিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ।	তথ্য অধিকার আইন ও এ সংক্রান্ত যাবতীয় বিধি-বিধান, জনগণের তথ্য অধিকার সেবা নিশ্চিতকরণের নিমিত্ত এবং তথ্য অধিকার আইন সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন)ও পরিবীক্ষণ জেলা এবং উপজেলা কমিটি।
০২.	তথ্য অধিকার ও তথ্য প্রকাশ -কারী এবং আবেদনকারীর সুরক্ষা সম্পর্কে জনগণকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান।	তথ্য অধিকার আইন, ২০০৯ এর বিধি-বিধান অনুসারে তথ্য প্রদানের বিষয়ে সর্বোচ্চ সুরক্ষা নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও তথ্য প্রদানকারী ইউনিটের কর্মকর্তা (সকল)।
০৩.	জেলা পর্যায়ে তথ্য অধিকার আইন বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন সরকারি বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা ও উপজেলা কমিটি এবং বিভিন্ন সরকারি /বেসরকারি সংস্থার কার্যক্রম সমন্বয় করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি
০৪.	তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি ও উৎসাহ প্রদান।	তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী উপজেলা কমিটি কর্তৃক নিয়মিত সভা আয়োজন এবং সভার কার্যবিবরণী তথ্য কমিশনসহ অত্র কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি
০৫.	তথ্য অধিকার বাস্তবায়নে উপজেলা কমিটির কার্যক্রমের তদারকি	তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী উপজেলা কমিটি নিয়মিত সভায় মিলিত হবে এবং সভার কার্যবিবরণী তথ্য কমিশনসহ অত্র কার্যালয়ে প্রেরণ করবেন।	তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটি

ক্রমিক	আলোচ্যসূচি	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৬.	বিবিধ: তথ্য অধিকার আইন বাস্তবায়নে অনলাইন প্রশিক্ষণ এবং অন্যান্য বিষয়ে আলোচনা।	তৃণমূল পর্যায়ের জনগনকে তথ্যসেবা প্রদানের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের তথ্য অধিকার বিষয়ক প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণসহ প্রশিক্ষণ সংক্রান্ত প্রতিবেদন তথ্য কমিশনে এবং জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল) ব্রাহ্মণবাড়িয়া।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(হায়াত-উদ-দৌলা খাঁন)

জেলাপ্রশাসক

ব্রাহ্মণবাড়িয়া

ও

সভাপতি

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন)

ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটি


ব্রাহ্মণবাড়িয়া।

নম্বর: ০৫.৪২.১২০০.০২৬.০১.০০১.২১-৩৩

তারিখ: ০৬ মাঘ ১৪২৭
৩৭ জানুয়ারি ২০২০

অনুলিপি: সদয় অবগতি / কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ: উপসচিব, তথ্য অধিকার অধিশাখা)।
০২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
০৩. সচিব, তথ্য কমিশন, প্রত্নতত্ত্ব ভবন, এফ-৪/এ, আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
০৪. পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
০৫. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
০৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, -----, ব্রাহ্মণবাড়িয়া
০৭. অধ্যক্ষ, ব্রাহ্মণবাড়িয়া সরকারি মহিলা কলেজ, ব্রাহ্মণবাড়িয়া।
০৮. উপপরিচালক, -----, ব্রাহ্মণবাড়িয়া
০৯. জেলা -----কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
১০. উপজেলা নির্বাহী অফিসার (সকল), -----, উপজেলা, ব্রাহ্মণবাড়িয়া
১১. জনাব ----- সদস্য, তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা উপদেষ্টা কমিটি, ব্রাহ্মণবাড়িয়া



জেলাপ্রশাসক

ব্রাহ্মণবাড়িয়া।